

PRINT

সমকাল

রাজনীতি নয় বুয়েটে ছাত্রলীগ নিষিদ্ধ করুন- প্রগতিশীল ছাত্রজোট

১৩ ঘণ্টা আগে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



'বুয়েট ক্যাম্পাসে শুধু ছাত্রলীগের কর্তৃত্ববাদী রাজনীতি বন্ধ করার দরকার ছিল। কিন্তু তা না করে বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধের যে সিদ্ধান্ত নিয়েছে, তাতে সব বিরোধী শক্তিকে দমন করা হবে।'

বুয়েটে ছাত্র রাজনীতি বন্ধের প্রতিক্রিয়া জানাতে গতকাল শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলনে প্রগতিশীল ছাত্র জোটের নেতারা এসব কথা বলেন। এতে লিখিত বক্তব্য পাঠ করেন জোটের আহ্বায়ক ও

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি আল কাদেরী।

এতে ছাত্র ইউনিয়নের সভাপতি মেহেদী হাসান নোবেল, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক নাসির উদ্দীন প্রিন্স, বিপ্লবী ছাত্রমৈত্রীর সভাপতি ইকবাল কবীরসহ জোটের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে বলা হয়, ক্যাম্পাসে দখলদারিত্ব এবং সন্ত্রাসের রাজনীতি করে ছাত্রলীগ। তাই সব সংগঠনের রাজনীতি বন্ধ না করে ছাত্রলীগের কর্তৃত্ববাদী রাজনীতি বন্ধ করা উচিত ছিল। ক্যাম্পাসগুলোতে অপরাজনীতি বন্ধ করা না হলে রাজনীতি নিষিদ্ধের মধ্য দিয়ে খুনি উৎপাদন বন্ধ হবে না।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:
ad.samakalonline@outlook.com